

ইবিতে ছাত্রী নির্যাতন: জমা পড়েনি তদন্ত কমিটির প্রতিবেদন

ইবি প্রতিনিধি

২৫ ফেব্রুয়ারি ২০২৩

১১:৩৮ পিএম | আপডেট:

২৬ ফেব্রুয়ারি ২০২৩

০৮:২৫ এএম

5

Shares



ইসলামী বিশ্ববিদ্যালয়

advertisement

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) আবাসিক হলে বিবন্ধ করে ছাত্রী নির্যাতনের ঘটনায় তদন্তকাজ, পর্যালোচনা শেষ ও অফিস চলাকালে প্রশাসনের কাছে আজ প্রতিবেদন জমা দেওয়ার কথা থাকলেও দিতে পারেনি তদন্ত কমিটি। আজ শনিবার দিনব্যাপী বিষয়টি সম্পূর্ণ করে প্রশাসন বরাবর জমাদানের জন্য সর্বোচ্চ চেষ্টা করেছিল বিশ্ববিদ্যালয়ের তদন্ত কমিটি।

আজ তদন্ত প্রতিবেদন জমা দিতে পারবেন বলে গত শুক্রবার গণমাধ্যমকর্মীদের জানিয়েছিলেন তদন্ত কমিটির সদস্য সচিব আলীবদ্দীন খান। এদিকে আজ ছাত্রী নির্যাতনের নানা দিক খতিয়ে দেখতে তৃতীয় দিনের মতো তথ্য উপাত্ত পর্যালোচনা বসেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের গঠিত তদন্ত কমিটি। আইন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. রেবা মন্ডলের কক্ষে কমিটির সকল সদস্যদের

মিলিত হওয়ার কথা থাকলেও তারা অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. দেবাশীষ শর্মার কক্ষে মিলিত হন।

advertisement

এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন তদন্ত কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. রেবা মন্ডল, সদস্য অধ্যাপক ড. দেবাশীষ শর্মা, অধ্যাপক ড. ইয়াসমিন আরা সাথী, সদস্য ও সহকারী প্রক্টর অধ্যাপক ড. মুর্শিদ আলম ও সদস্য সচিব একাডেমিক শাখার উপরেজিস্ট্রার আলীবদ্দীন খান।

advertisement 4

এ বিষয়ে সকালে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের তদন্ত কমিটির সদস্য সচিব আলীবদ্দীন খানের বলেন, 'আমরা খুবই ব্যস্ত আছি। কাজ শেষ করার সর্বোচ্চ চেষ্টা করছি।' পরবর্তীতে মোবাইলে একাধিকবার কল করে যোগাযোগের চেষ্টা করা হলেও ফোন রিসিভ হয়নি।

অন্যদিকে, নির্যাতনের ঘটনায় পর গত ১৫ ফেব্রুয়ারি শাখা ছাত্রলীগের সভাপতি ফয়সাল সিদ্দিকী আরাফাত ও নাসিম আহমেদ জয় স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে ঘটনার তদন্তের জন্য শাখা ছাত্রলীগ তদন্ত কমিটি গঠন করা হয়। এ ঘটনায় বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের গঠিত তদন্ত কমিটির ডাকে আগামীকাল রোববার সকালে ক্যাম্পাসে আসার কথা রয়েছে ভুক্তভোগী ছাত্রী ফুলপরী খাতুনের। বিষয়টি আজ সন্ধ্যায় বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সহ-সভাপতি ও ছাত্রলীগের তদন্ত কমিটির আহ্বায়ক কামরুল ইসলাম অনিক নিশ্চিত করেছেন।

তবে ফুলপরী নিরাপত্তার কথা ভেবে আগামীকাল আসবেন না বলে জানিয়েছেন। তিনি বলেন, 'আমি যেতে চাচ্ছিনা। ছাত্রলীগ ভাইয়েরা যারা আমাকে ডেকেছে তাদের উপর আমার কোনো ভরসা নেই। আমার বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ নিরাপত্তা দিয়েছে প্রক্টর স্যার। তার সঙ্গে আমার নিয়মিত কথা হচ্ছে। এ বিষয়ে স্যার কোনো ফোন করেননি। আমি কালকে যেতে পারবো না।'

এ বিষয়ে বিষয়ে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের গঠিত তদন্ত কমিটির আহ্বানক ও শাখা ছাত্রলীগের সহ-সভাপতি কামরূপ হাসান অনিক বলেন, 'আমাদের তদন্ত কার্যক্রম আগামীকাল শেষ হবে। তদন্তের স্বার্থে আগামীকাল সকালে ফুলপরীকে ডাকা হয়েছে।' এ ছাড়া আগামীকাল তার সাক্ষাৎকার নিয়ে তদন্ত প্রতিবেদন জমা দিবেন বলেন জানান তিনি।

প্রসঙ্গত, গত ১২ ফেব্রুয়ারি ইসলামী বিশ্ববিদ্যায়ের দেশর প্রশাসন শেখ হাসিনা হলের গণরামে এক ছাত্রীকে রাতভর আটকে রেখে নির্যাতন করা হয়। ভুক্তভোগী শিক্ষার্থী জানিয়েছেন, ছাত্রলীগ নেতৃত্বে সানজিদা চৌধুরী অন্তরার নেতৃত্বে তার অনুসারীরা সেদিন তাকে বিবন্ধ করে ভিডিও ধারণ, গালাগাল এবং এ ঘটনা কাউকে জানালে মেরে ফেলার হুমকি দেয়। এ ঘটনায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে লিখিত অভিযোগ করেন ভুক্তভোগী। বিষয়টি নিয়ে হল প্রশাসন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং উচ্চ আদালতের নির্দেশে জেলা প্রশাসনের গঠিত কমিটি তদন্ত করছে।